

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/12/2019

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

**গভর্নর কুওমো নিউ ইয়র্ক সিনেগগে (NEW YORK SYNAGOGUE) পাওয়া গ্রাফিতির তদন্তে
সহায়তা করার জন্য স্টেট পুলিশের হেইট ক্রাইমস টাস্ক ফোর্স (STATE POLICE HATE CRIMES
TASK FORCE)-কে নির্দেশনা প্রদান করেছেন**

"এর আগে আজ, নিউ ইয়র্ক সিটির চেলসি শাবাদের (Chelsea Chabad) দেয়ালে বিদ্রোহপূর্ণ গ্রাফিতি আঁকিবুকি করা অবস্থায় পাওয়া যায় — যা জার্সি সিটির একটি কোশার মার্কেটকে লক্ষ্য করে মাত্র কয়েকদিন আগে ঘটে যাওয়া প্রাণঘাতী শটিং সহ ইহুদি কমিউনিটির বিরুদ্ধে হওয়া ধারাবাহিক হামলার সর্বশেষ ঘটনা।

এই ঘৃণ্য কাজটি আমাদের ইহুদি সম্প্রদায়ের মধ্যে আতঙ্ক ছড়িয়ে দিতে এবং সমস্ত নিউ ইয়র্কবাসীকে ভীতি প্রদর্শনের উদ্দেশ্যে করা হয়েছিল, কিন্তু আমরা ইহুদি-বিদ্রোহ এবং ঘৃণার সকল রূপকে স্পষ্টভাবে প্রত্যাখ্যান করি এবং এই ধরনের কাপুরুষোচিত আচরণের মুখোমুখি হয়ে আমরা কাঁধে কাঁধে মিলিয়ে দাঁড়াই।

এই জঘন্য ঘটনার তদন্তে সহায়তা করার জন্য আমি স্টেট পুলিশের হেট ক্রাইম টাস্ক ফোর্সকে নির্দেশনা দিচ্ছি— আমরা দায়ীদের খুঁজে বের করবো এবং আইনের সর্বোচ্চ সীমায় তাদের বিচারের ব্যবস্থা করবো। এছাড়াও, বাড়তি সতর্কতার খাতিরে স্টেট জুড়ে সিনেগগ এবং অন্যান্য ইহুদি বসতিতে তাদের টহল জোরদার করার জন্যও স্টেট পুলিশ-কে আমি নির্দেশনা দিচ্ছি।

আমি পরিষ্কার করে বলছি: এই দেশ জুড়ে ছড়িয়ে পড়া ঘৃণা ও ধর্মান্ততার ক্যান্সার বিষয়ে নিউ ইয়র্কে আমাদের সহনশীলতা শূন্য এবং আমরা যখনই ও যেখানেই এটি দেখবো তখনই, সেখানেই এর প্রতিবাদ করব।"

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)